



জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)

Registration No-190/18, 1984-85.

Head Office: House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801711339297, E-mail: admin@nascib.org; ceo@nascib.org; Website: <https://nascib.org>

স্মারক নম্বরঃ নাসিব/প্রকা/প্রশাসনিক/ঘ-১০৪/০১/৬৮৯

তারিখঃ ১৯ ফেব্রুয়ারি ২০২৬

বরাবর

জনাব তারেক রহমান

মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভিনন্দন বার্তা

নবনির্বাচিত ত্রয়োদশ জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় **জনাব তারেক রহমান** এবং তাঁর নেতৃত্বে গঠিত মন্ত্রীসভাকে জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক রূপান্তরের এই গুরুত্বপূর্ণ সময়ে, আপনার নেতৃত্বে ঘোষিত **“সবার আগে বাংলাদেশ”** প্রতিশ্রুতি এবং রাষ্ট্রকাঠামো সংস্কারের লক্ষ্যভিত্তিক নীতিগত অঙ্গীকার আমাদের কাছে একটি সুদূরপ্রসারী ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন দর্শনের প্রতিফলন হিসেবে প্রতীয়মান হয়েছে। বিশেষত নির্বাচনী ইশতেহার ২০২৬-এ অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পখাতের জন্য শিল্পখাত উন্নয়ন, বিনিয়োগ ও উদ্যোক্তা উন্নয়ন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে সুযোগ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, যুব উন্নয়ন, আঞ্চলিক উন্নয়ন, সৃজনশীল অর্থনীতি তৈরীর প্রতিশ্রুতি জাতীয় অর্থনীতির ভিত্তিকে শক্তিশালী করার ক্ষেত্রে একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে বিবেচিত হতে পারে।

আমরা লক্ষ্য করেছি যে, আপনার ঘোষিত **“রাষ্ট্রকাঠামো মেরামত-৩১ দফা”** মূলত রাজনৈতিক-অর্থনৈতিক সংস্কারের একটি রূপরেখা, যেখানে ক্ষুদ্র ও কুটির শিল্পের সরাসরি উল্লেখ সীমিত হলেও বেসরকারি খাতের বিকাশ, ব্যাংকিং ব্যবস্থার সংস্কার এবং বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টির যে নীতিগত দিকনির্দেশনা প্রদান করা হয়েছে, তা অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প (CMSME) খাতের বিকাশে একটি সহায়ক ও প্রাতিষ্ঠানিক ভিত্তি গড়ে তুলতে সক্ষম হবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

উল্লেখ্য, **“জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)”** প্রতিষ্ঠালগ্ন (১৯৮৪) থেকে দেশের অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প উদ্যোক্তাদের জাতীয় পর্যায়ে প্রতিনিধিত্বকারী বৃহৎ বেসরকারি বাণিজ্য সংগঠন হিসেবে নীতিনির্ধারণী সংলাপ, শিল্প উন্নয়ন কার্যক্রম এবং উদ্যোক্তা সক্ষমতা বৃদ্ধিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে নাসিব বিভিন্ন সরকারি ও আধা-সরকারি প্ল্যাটফর্মে প্রতিনিধিত্বের মাধ্যমে সরকারি পর্যায়ের নীতিমালা ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে অংশীদারিত্বমূলক ভূমিকা পালন করে আসছে।

নবগঠিত সরকার বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি পক্ষ হতে ঘোষিত **ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনী ইশতেহার-২০২৬** ও উন্নয়ন কর্মপরিকল্পনায় প্রতিফলিত CMSME খাত সংশ্লিষ্ট অঙ্গীকারসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে নাসিব একটি সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করতে আগ্রহী। বিশেষত উৎপাদনমুখী অর্থনীতি নিশ্চিতকরণে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে অর্থনীতির ভিত্তি হিসেবে বিবেচনার নীতিগত দিক নির্দেশনা প্রনয়ন, বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে শিল্প সম্প্রসারণ, দেশীয় উদ্যোগের বিকাশ, উদ্যোক্তাদের জন্য সহায়ক পরিবেশ তৈরির নীতিগত সহায়তা, উৎপাদনমুখী খাতে ঋণপ্রবাহ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অর্থায়ন প্রবেশাধিকার বৃদ্ধির সুযোগ, তরুণ উদ্যোক্তা তৈরি ও উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে দেশব্যাপী কর্মসংস্থান কর্মসূচি ও স্বনিয়োজিত কর্মসংস্থান, উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, কুটির ও ক্ষুদ্র উদ্যোগের জন্য মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ প্রদান, শিল্পের বিকেন্দ্রীকরণ, গ্রামীণ শিল্প ও কুটির শিল্প বিকাশের সুযোগ সৃষ্টি, হস্তশিল্প, কুটির শিল্প ও সাংস্কৃতিক উৎপাদন খাতের সম্ভাব্য অন্তর্ভুক্তি এই সকল ক্ষেত্রে সরকারের সাথে অংশীদারিত্বমূলক সহযোগিতার মাধ্যমে একটি অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়ন কাঠামো প্রতিষ্ঠায় নাসিব সক্রিয় ভূমিকা রাখতে প্রস্তুত।



জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)

Registration No-190/18, 1984-85.

Head Office: House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801711339297, E-mail: admin@nascib.org; ceo@nascib.org; Website: <https://nascib.org>

আমরা বিশ্বাস করি, আপনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ এমন একটি অর্থনৈতিক কাঠামোর দিকে অগ্রসর হবে, যেখানে অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পখাত জাতীয় প্রবৃদ্ধি, কর্মসংস্থান এবং আঞ্চলিক ভারসাম্যপূর্ণ উন্নয়নের অন্যতম প্রধান চালিকাশক্তি হিসেবে প্রতিষ্ঠা পাবে।

পরিশেষে, দেশের আর্থসামাজিক উন্নয়ন এবং শিল্পভিত্তিক অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গঠনের লক্ষ্যে আপনার সরকারের সাথে সম্মিলিতভাবে কাজ করার প্রত্যাশা ব্যক্ত করছি।

মহান আল্লাহ আপনাকে সুস্বাস্থ্য ও সফলতা দান করুন।

বিনীত শুভেচ্ছান্তে,

মির্জা মাসুদুর রহমান

আহবায়ক, সংস্কার কমিটি

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) ও
নির্বাচন সমন্বয়ক,

নির্বাচন পরিচালনা কমিটি – ২০২৬, ফুলগাজী উপজেলা
বিএনপি, নির্বাচনী এলাকা-২৬৫, ফেনী-০১ আসন

মির্জা নূরুল গণী শোভন

সভাপতি

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)
কেন্দ্রীয় পরিচালনা পর্ষদ

নাসিব
NASCIB